

তারিখ- ২৬শে ডিসেম্বর, ২০১৩

## তদন্ত কমিশন নিয়ে রাজনাথ সিং-এর প্রতিক্রিয়া

গুজরাত সরকারের ভাবমূর্তি নষ্ট করতেই মহিলার উপর পুলিশি নজরদারির অভিযোগ নিয়ে কেন্দ্র তদন্ত কমিশন গঠন করার সিদ্ধান্ত নিয়েছে। এ বিষয়ে গুজরাত সরকারই যখন তদন্ত করার নির্দেশ দিয়েছে তখন নতুন করে কেন্দ্রের তদন্ত করার কোনও প্রয়োজন ছিল না।

এ ধরনের পদক্ষেপ সাংবিধানিক ফেডারেল কাঠামোর পরিপন্থী। বিজেপি-র প্রধানমন্ত্রী পদপ্রার্থী ও জনপ্রিয় নেতার বিরোধিতায় আগেও এধরনের চেষ্টা হয়েছে এবং সব ক্ষেত্রেই প্রতিকূলতা কাটিয়ে তিনি আরও শক্তিশালী হয়েছেন।